

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩
www.emrd.gov.bd

২৮.০০.০০০০.০১৩.১১.০০৯.১৫-৩৭৩

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৩
২০ নভেম্বর ২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের সদস্যের ৩(তিন) টি পদ পূরণের জন্য নিম্নবর্ণিত ('ক' ক্যাটাগরিতে একটি এবং 'খ' ক্যাটাগরিতে দুইটি) শর্তসাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সাম্প্রতিক তোলা দুই কপি ছবি, জীবন-বৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদের সত্যায়িত ফটোকপিসহ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

২। সদস্য পদে নিয়োগের জন্য প্রার্থীগণকে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যথা:-

ক. সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ বিদ্যুৎ বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী প্রকৌশলী।

খ. সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ ভূ-বিজ্ঞান, ভূ-তত্ত্ব ও খনিজ বিদ্যা, আইন, অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, ব্যাংকিং, মার্কেটিং, লোকপ্রশাসন, রসায়ন, পদার্থবিদ্যা অথবা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রীধারী।

৩। নিয়োগ, কার্যকাল, বেতন, ভাতা, সুযোগ-সুবিধা ও চাকুরীর অন্যান্য শর্ত:

ক. রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হয়ে উক্ত সদস্য কমিশনের সার্বক্ষণিক কর্মকর্তা হবেন।

খ. প্রতিমাসে মূল বেতন বাবদ ৪৯,০০০/= টাকা, বাড়ি ভাড়া বাবদ ২৬,৬০০/= টাকা, নিজ ও পরিবারের সদস্যদের দেশের অভ্যন্তরে চিকিৎসা সুবিধা এবং সার্বক্ষণিক গাড়ীর সুবিধা পাবেন।

গ. চাকুরী সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৫ ও ২০১০ সালে সংশোধিত) দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ঘ. রাষ্ট্রপতি কর্তৃক উপর্যুক্ত আইনের বিধান অনুযায়ী নিযুক্তির পর চাকুরীর কার্যকাল সদস্য হিসেবে কার্যভার গ্রহণের তারিখ হতে ৩(তিন) বৎসর হবে এবং অনুরূপ একটি মাত্র মেয়াদের জন্য তিনি পুনর্নিয়োগের যোগ্য হবেন।

ঙ. সরকারি চাকুরীতে নিয়োজিত ব্যক্তিগণ তাঁদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে এবং উক্তরূপ নিয়োগের জন্য নির্বাচিত হলে সরকারি চাকুরীর অবসান ঘটিয়ে উক্ত পদে যোগ দিতে হবে।

৪। অযোগ্যতা :

(১) কোন ব্যক্তি সদস্য হিসেবে নিযুক্ত হবার বা থাকবার যোগ্য হবেন না, যদি তিনি-

ক. বাংলাদেশের নাগরিক না হন;

খ. কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসেবে ঘোষিত হন;

গ. আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; এবং

ঘ. নৈতিক স্বলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হয়ে আদালত কর্তৃক অনূন দুই বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন এবং উক্ত দণ্ড হতে মুক্তিলাভের পর পাঁচ বৎসর সময় অতিক্রান্ত হয়নি।

(২) কমিশনের আওতাভুক্ত কোন কিছুতে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন কোন ব্যক্তি সদস্য পদে নিয়োগ লাভের যোগ্য হবেন না।


(৩) সদস্য হিসেবে নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে এনার্জি খাতে ব্যবসায়িক স্বার্থ জড়িত হতে/থাকতে পারবেন না।

৫। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গন্য হবে।

৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৭। ০৩/১০/২০১৬ তারিখে "দৈনিক জনকণ্ঠ ও দি ইনডিপেন্ডেন্ট" পত্রিকায় জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যেসব প্রার্থী আবেদন করেছেন তাদেরকে নতুন করে আবেদন করতে হবে না।

৮। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর লিখিত ২ সেট আবেদনপত্র (সকল সংলগ্নীসহ) ২৩/১১/২০১৬ তারিখ সকাল ৯.০০ টা হতে ১৩/১২/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে একই ঠিকানায় দাখিল/প্রেরণ করতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। এ বিজ্ঞপ্তি www.emrd.gov.bd, www.powerdivision.gov.bd এবং www.berc.org.bd ওয়েবসাইট ঠিকানায় দেখা যাবে।


(সৈয়দা নওয়ারা জাহান)
উপ-সচিব